

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৩৯

১/ বিবিধ

আরবী

لا تذكروني عند ثلاث: تسمية الطعام، وعند الذبح، وعند العطاس
موضوع

رواه البيهقي (9 / 286) من طريق سليمان بن عيسى: أخبرني عبد الرحيم بن زيد العمي عن أبيه مرفوعا وقال: " هذا منقطع، وعبد الرحيم وأبوه ضعيفان، وسليمان بن عيسى السجزي في عداد من يضع الحديث ". وذكر نحوه ابن عبد الهادي في " تنقيح التحقيق " (2 / 392) وعزاه للحاكم بدل البيهقي، والله أعلم وقال ابن حبان في عبد الرحيم (2 / 152): " يروي عن أبيه العجائب مما لا يشك من الحديث صناعته أنها معمولة أو مقلوبة كلها ". قلت: فإن سلم منهما فلن يسلم من السجزي

বাংলা

৫৩৯। তিনটি সময়ে তোমরা আমাকে স্মরণ করো নাঃ খাবারের জন্য বিসমিল্লাহ বলার সময়, যবেহ করার সময় এবং হাঁচি দেয়ার সময়।

হাদীছটি জাল।

এটিকে বাইহাকী (৯/২৮৬) সুলায়মান ইবনু ঈসা সূত্রে আব্দুর রহীম ইবনু যায়েদ আল-আস্মী হতে ... মারফু হিসাবে বর্ণনা করে বলেছেনঃ এটি মুনকাতি'। আব্দুর রহীম ও তার পিতা উভয়েই দুর্বল। আর সুলায়মান ইবনু ঈসা আস-সাজয়ীকে হাদীছ জালকারীদের মধ্যে গণ্য করা হয়।

অনুরূপ কথা ইবনু আব্দিল হাদী "তানকীহিত তাহকীক" (২/৩৯২) গ্রন্থে বলেছেন। আর বাইহাকীর পরিবর্তে হাকিমের উদ্ধৃতিতে বলেছেন। এই আব্দুর রহীম সম্পর্কে ইবনু হিব্বান (২/১৫২) বলেনঃ তিনি তার পিতা হতে আশ্চর্যজনক কিছু বর্ণনা করেছেন। কোন সন্দেহ নেই যে, সে সবগুলো তারই কৃতকর্ম বা উলট পালটকৃত।

আমি (আলবানী) বলছিঃ যদি তাদের দু'জন হতে সেগুলো নিরাপদও হয় তবুও সাজয়ী হতে নিরাপদ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71418>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন